দৈনিক ইত্তেফাক

২০/৮/২০০৩

তারিখ ............
পৃষ্ঠা ৮ কলাম ৩.....

# চুয়াডাঙ্গার ২টি সরকারী স্কুলে ১৭ জন শিক্ষকের পদ শূন্য

চুয়াডাঙ্গা সংবাদদাতা ॥ চুয়াডাঙ্গা জেলা শহরস্থ ২টি শিক্ষা প্রতিষ্ঠান সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও ভিক্টোরিয়া জুবিলী সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ২ জন সহ-প্রধান শিক্ষকসহ মোট ১৭ জন শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। সরকারী বালিকা উচ্চবিদ্যালয়তে শূন্যকৃত শিক্ষক পদের মধ্যে রহিয়াছে সহ-প্রধান শিক্ষক ১ জন, অঙ্ক শিক্ষক ২ জন, ইংরেজী শিক্ষক ২ জন, পদার্থ বিদ্যা শিক্ষক ১ জন, কৃষি বিদ্যা শিক্ষক ১ জন, ভূগোল শিক্ষক ১ জন, হিন্দু ধর্ম শিক্ষক ১ জন, ইসলামিয়া শিক্ষক ১ জন ও সঙ্গীত শিক্ষক ১ জন—মোট ১১ জন। ভিক্টোরিয়া জুবিলী সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শূন্যকৃত শিক্ষক পদের মধ্যে রহিয়াছে ইংরেজী শিক্ষক-২ জন, বাংলা শিক্ষক ২ জন, চারুকারু শিক্ষক ১ জন ও সহ-প্রধান শিক্ষক ১ জন—মোট ৬ জন।

উল্লেখিত শিক্ষকের পদগুলিতে নূতন শিক্ষক না আসায় স্কুল ২টির দৈনন্দিন লেখাপড়ার কাজ মারাত্মকভাবে ব্যাহত হইতেছে। স্কুল ২টির প্রধান শিক্ষকদ্বয় জানান উল্লিখিত শূন্য পদ পূরণের জন্য ইতিপূর্বে সংশ্লিষ্ট উর্ধ্বতন মহলে একাধিকবার লেখালেখি করিয়াও কোন সুফল পাওয়া যায় নাই।